



50th Preli. Subject Test-02 (বাংলাদেশ বিষয়াবলি)-এর ব্যাখ্যাসহ প্রশ্ন সমাধান

১. একটি কাঁচা পাটের গাঁইটের ওজন কত? উত্তর : ৪.৫ মন
ব্যাখ্যা : পাটের ওজন হিসেব করা হয় বেল দিয়ে। ১ বেল = ১৮২.২৫ কেজি।
১ মণ = ৩৭.৩২ কেজি। তাহলে, ১৮২.২৫ ÷ ৩৭.৩২ = ৪.৮৮ মণ বা ৪.৫ মণ।।
২. বাংলাদেশের খাবার পানিতে আর্সেনিকের গ্রহণযোগ্যতা মাত্রা কত? উত্তর : .০৫ মি.গ্রা./লিটার
ব্যাখ্যা : WHO'র মতে, আর্সেনিকের গ্রহণযোগ্য মাত্রা ০.০১ মিলিগ্রাম/লিটার, কিন্তু বাংলাদেশের নির্দিষ্ট মান অনুযায়ী এটি ০.০৫ মিলিগ্রাম/লিটার গ্রহণযোগ্য।
৩. 'নিরাপদ খাদ্য দিবস' পালিত হয় কত তারিখ? উত্তর : ২ ফেব্রুয়ারি
ব্যাখ্যা : প্রতি বছর ২ ফেব্রুয়ারি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এ দিবসটি পালন করে।
৪. ECNEC-এর বিকল্প সভাপতি কে? উত্তর : অর্থমন্ত্রী
ব্যাখ্যা : প্রধানমন্ত্রী (বর্তমানে প্রধান উপদেষ্টা) ECNEC-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন এবং তার অনুপস্থিতিতে অর্থমন্ত্রী বিকল্প সভাপতির দায়িত্ব গ্রহণ করেন।
৫. খুলনা হার্ডবোর্ডের প্রধান কাঁচামাল কী? উত্তর : সুন্দরী কাঠ
ব্যাখ্যা : খুলনা হার্ডবোর্ড মিলের প্রধান কাঁচামাল সুন্দরবনে উৎপাদিত কাঁচা সুন্দরী জ্বালানী কাঠ।
৬. বাংলাদেশের শীর্ষ বিনিয়োগকৃত খাত কোনটি? উত্তর : বস্ত্র ও পোশাক
ব্যাখ্যা : সম্প্রতি বাংলাদেশের শীর্ষ বিনিয়োগকৃত খাত হলো ব্যাংকিং খাত। তবে প্রদত্ত অপশনগুলোর মধ্যে বস্ত্র ও পোশাক খাত শীর্ষ বিনিয়োগকৃত খাত।
৭. পাট উৎপাদনে বাংলাদেশ বিশ্বে কততম? উত্তর : ২য়
ব্যাখ্যা : বাংলাদেশের বার্ষিক পাট উৎপাদন প্রায় ১.২৪ লক্ষ মেট্রিক টন, যা বিশ্বে দ্বিতীয় সর্বোচ্চ।
৮. নিচের কোন সংস্থাটি দেশের 'তৈরি পোশাক' শিল্পে প্রতিনিধিত্ব করে? উত্তর : BGMEA
ব্যাখ্যা : Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) দেশের তৈরি পোশাক প্রস্তুতকারক এবং রপ্তানিকারকদের স্বার্থ প্রতিনিধিত্ব করে।
৯. কত সালে জমিদারি প্রথা বা চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা বাতিল হয়ে যায়? উত্তর : ১৯৫০
ব্যাখ্যা : ১৯৫০ সালে 'পূর্ববঙ্গ রাজ্য অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন' পাসের মাধ্যমে বাংলাদেশে জমিদারি প্রথা বা চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা বাতিল করা হয়।
১০. ভুট্টা উৎপাদনে শীর্ষ জেলা কোনটি? উত্তর : দিনাজপুর
ব্যাখ্যা : ভুট্টা উৎপাদনে বাংলাদেশের শীর্ষ জেলা দিনাজপুর। এরপরেই রয়েছে চুয়াডাঙ্গা, ঠাকুরগাঁও, লালমনিরহাট, এবং রংপুর জেলা। এই জেলাগুলো মূলত ভুট্টা চাষের জন্য বিশেষভাবে পরিচিত।
১১. Pearlculture কী? উত্তর : মুক্তা চাষ
ব্যাখ্যা : পার্ল কালচার হলো ঝিনুক বা অন্যান্য শামুকজাতীয় প্রাণীর মধ্যে কৃত্রিম উপায়ে মুক্তা চাষ করার প্রক্রিয়া।
১২. 'রবিশস্য' নয় কোনটি? উত্তর : পুঁইশা
ব্যাখ্যা : রবিশস্য শীতকালে (অক্টোবর-নভেম্বর) বপন করা হয় এবং শীতের শেষে ফসল তোলা হয়, যেখানে পুঁইশাক গ্রীষ্ম ও বর্ষাকালে চাষ করা হয়।
১৩. সরকার ঘোষিত দেশের প্রথম মৎস্য অভয়াশ্রম কোনটি? উত্তর : হাইল হাওর
ব্যাখ্যা : সরকার ঘোষিত দেশের প্রথম মৎস্য অভয়াশ্রম হলো হাইল হাওর, যা মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলে অবস্থিত।
১৪. 'পড়ো না রেশমী চুড়ি বঙ্গনারী'- গানটি কোন আন্দোলনের সাথে জড়িত ছিল? উত্তর : স্বদেশি আন্দোলন
ব্যাখ্যা : কবি মুকুন্দ দাস বাংলার গ্রামে গ্রামে ঘুরে পড়ো না রেশমী চুড়ি বঙ্গনারী গান গেয়ে জনগণের মধ্যে স্বদেশী আন্দোলনের পক্ষে জনমত সৃষ্টি করেন।

১৫. বাংলাদেশের প্রথম বাণিজ্য জাহাজের নাম কী? উত্তর : বাংলার দূত
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম বাণিজ্যিক জাহাজের নাম 'বাংলার দূত'। ১৯৭২ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) ১৯৮৮ সালে চীন থেকে এই জাহাজটি আমদানি করে।
১৬. গঙ্গা-ভাগীরথীর পূর্ব তীর থেকে মেঘনার মোহনা পর্যন্ত সমুদ্রকূলবর্তী অঞ্চল কোন প্রাচীন জনপদের অংশ ছিল? উত্তর : সমতট
ব্যাখ্যা : গঙ্গা-ভাগীরথীর পূর্ব তীর থেকে মেঘনার মোহনা পর্যন্ত সমুদ্রকূলবর্তী অঞ্চলটি প্রাচীন সমতট জনপদের অংশ ছিল। এটি বর্তমান কুমিল্লা, নোয়াখালী ও ত্রিপুরার অংশ নিয়ে গঠিত ছিল।
১৭. জিয়া সারকারখানায় উৎপাদিত সারের নাম কী? উত্তর : ইউরিয়া
ব্যাখ্যা : জিয়া সার কারখানায় ইউরিয়া সার উৎপাদিত হয়। বর্তমানে এর নাম পরিবর্তন করে "আশুগঞ্জ ফার্টিলাইজার অ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড" রাখা হয়েছে।
১৮. 'তামাক' উৎপাদনে শীর্ষ জেলা কোনটি? উত্তর : কুষ্টিয়া
ব্যাখ্যা : তামাক উৎপাদনে শীর্ষ জেলা কুষ্টিয়া (কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২৩)
১৯. বাংলাদেশে কত সালে সর্বপ্রথম মূল্য সংযোজন কর চালু হয়? উত্তর : ১ জুলাই, ১৯৯১
ব্যাখ্যা : Value Added Tax বা মূল্য সংযোজন কর বাংলাদেশে প্রথম চালু হয় ১৯৯১ সালের ১ জুলাই।
২০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব কে ছিলেন? উত্তর : উ-থান্ট
ব্যাখ্যা : মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব ছিলেন উ থান্ট। জাতিসংঘের দ্বিতীয় মহাসচিব দ্যাগ হ্যামারশোল্ড বিমান দুর্ঘটনায় মারা গেলে ১৯৬১ সালে জাতিসংঘের তৃতীয় মহাসচিব হিসেবে তাকে নিযুক্ত করা হয়।
২১. কালুরঘাট বেতার কেন্দ্র থেকে কোন সামরিক নেতা স্বকর্তে স্বাধীনতা ঘোষণা করেছিলেন? উত্তর : মেজর জিয়াউর রহমান
ব্যাখ্যা : কালুরঘাট বেতার কেন্দ্র থেকে মেজর জিয়াউর রহমান স্বকর্তে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছিলেন। বেতার কেন্দ্রটি পরবর্তীকালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র নামে পরিচিতি পায়।
২২. ইউনেস্কো কত সালে শহিদ দিবসকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয়? উত্তর : ১৯৯৯
ব্যাখ্যা : ১৭ নভেম্বর ১৯৯৯, ইউনেস্কো সাধারণ সম্মেলন ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দেয়।
২৩. মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করেন কে? উত্তর : এম এ জি ওসমানী
ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করেছিলেন জেনারেল এম. এ. জি. ওসমানী, যিনি ছিলেন বাংলাদেশ ফোর্সের প্রধান সেনাপতি।
২৪. বাংলাদেশের একমাত্র রেয়ন মিলটি কোথায় অবস্থিত? উত্তর : রাঙামাটি
ব্যাখ্যা : বাংলাদেশের একমাত্র রেয়ন মিলটি কর্ণফুলী রেয়ন মিল, যা চন্দ্রঘোনা, রাঙামাটিতে অবস্থিত।
২৫. বাংলাদেশের তৈরি পোশাকের দ্বিতীয় বৃহত্তম বাজার কোনটি? উত্তর : ইউরোপিয়ান ইউনিয়ন
ব্যাখ্যা : বাংলাদেশের তৈরি পোশাকের দ্বিতীয় বৃহত্তম বাজার হলো ইউরোপীয় ইউনিয়ন (EU); যেখানে জার্মানি একক দেশ হিসেবে সবচেয়ে বড় বাজার।

২৬. কোন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক আছে কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই?

উত্তর : তাইওয়ান

ব্যাখ্যা : বিশ্বের ৫৭ টি দেশে বাংলাদেশের দূতাবাস রয়েছে। তাইওয়ানের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক রয়েছে। কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই।

২৭. 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস' পালিত হয় কবে?

উত্তর : ২৩ জুলাই

ব্যাখ্যা : 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস' পালিত হয় ২৩ জুলাই। এই দিবসটি সরকারি সেবা এবং জনসেবার গুরুত্ব তুলে ধরে পালিত হয়।

২৮. 'কাগমারী সম্মেলন' কোথায় অনুষ্ঠিত হয়?

উত্তর : সন্তোষে

ব্যাখ্যা : কাগমারী সম্মেলন ১৯৫৭ সালের ৬ থেকে ১০ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলার সন্তোষে অনুষ্ঠিত হয়েছিল।

২৯. দেশের প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয় কত সালে?

উত্তর : ১৯৫৫

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম গ্যাসক্ষেত্র হরিপুর ১৯৫৫ সালে আবিষ্কৃত হয়েছিল। এটি সিলেটের হরিপুরে অবস্থিত এবং সেখান থেকে প্রথম গ্যাস উত্তোলন শুরু হয় ১৯৫৭ সালে।

৩০. বাংলাদেশে প্রথম কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয় কোথায়?

উত্তর : বড় পুকুরিয়া (দিনাজপুর)

ব্যাখ্যা : বাংলাদেশে প্রথম কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র হলো দিনাজপুরের বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র। এটি দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নে অবস্থিত এবং ২০০৬ সালে এটি চালু হয়।

৩১. নবায়নযোগ্য সম্পদ নয় কোনটি?

উত্তর : প্রাকৃতিক গ্যাস

ব্যাখ্যা : নবায়নযোগ্য সম্পদ নয়, কারণ এটি একটি জীবাশ্ম জ্বালানি যা একবার ব্যবহার করলে নিঃশেষ হয়ে যায় এবং এর পুনরায় তৈরি হতে লক্ষ লক্ষ বছর সময় লাগে।

৩২. বাংলাদেশ সরকার কোনখাত থেকে সর্বোচ্চ রাজস্ব আয় করে?

উত্তর : মূল্য সংযোজক কর

ব্যাখ্যা : বাংলাদেশ সরকার মূল্য সংযোজন কর (মুসক) বা ভ্যাট থেকে সর্বোচ্চ রাজস্ব আয় করে থাকে। এটি সরকারের মোট আয়ের একটি প্রধান উৎস, যা পরোক্ষ করের একটি অংশ।

৩৩. Black Gold বা কালো সোনা কোথায় পাওয়া যায়?

উত্তর : কক্সবাজারে

ব্যাখ্যা : কক্সবাজার সমুদ্র সৈকতের বালিতে জিরকন, রিওটাইল, মোনাজাইট-এর মতো বিভিন্ন মূল্যবান খনিজ পদার্থের মিশ্রণকে রূপকভাবে "কালো সোনা" বা "Black Gold" বলা হয়।

৩৪. Alliance কোন দেশ ভিত্তিক গার্মেন্টস ব্র্যান্ডগুলোর সংগঠন?

উত্তর : যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : অ্যালায়েন্স ফর বাংলাদেশ ওয়ার্কার স্বেচা (যা "অ্যালায়েন্স" নামে পরিচিত)। এটি উত্তর আমেরিকাভিত্তিক ২৮টি বিখ্যাত ব্র্যান্ডের একটি সম্মিলিত সংগঠন যারা বাংলাদেশে পোশাক কারখানার শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করে ও পোশাক আমদানি করে থাকে।

৩৫. মুক্তিযুদ্ধের সময় "জেড ফোর্সের" কমান্ডার কে ছিলেন?

উত্তর : মেজর জিয়াউর রহমান

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় 'জেড ফোর্সের' কমান্ডার ছিলেন মেজর জিয়াউর রহমান। এটি ছিল ১৯৭১ সালে গঠিত মুক্তিবাহিনীর প্রথম সামরিক ব্রিগেড, যা 'তুরা ব্রিগেড' নামেও পরিচিত ছিল।

৩৬. 'বাংলাদেশ চা বোর্ড' কোথায় অবস্থিত?

উত্তর : চট্টগ্রাম

ব্যাখ্যা : বাংলাদেশে চা বোর্ড চট্টগ্রামে অবস্থিত। বাংলাদেশ চা বোর্ড একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যেটি চা উৎপাদন, নিয়ন্ত্রণ এবং চা উৎপাদনে উৎসাহমুখী নীতি প্রণয়নের দায়িত্ব পালন করে।

৩৭. বাংলাদেশের কোন জেলায় অর্গানিক চা উৎপাদন হয় কোন অঞ্চলে?

উত্তর : পঞ্চগড়

ব্যাখ্যা : বাংলাদেশের পঞ্চগড় জেলায় অর্গানিক চা উৎপাদন হয়, বিশেষ করে তেঁতুলিয়া অঞ্চলে। এখানে ২০০০ সালে কাজী অ্যান্ড কাজী টি এস্টেট নামে একটি অর্গানিক চা বাগান স্থাপিত হয়।

৩৮. বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোন জেলায় অবস্থিত?

উত্তর : ফরিদপুর

ব্যাখ্যা : বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট ফরিদপুর জেলায় অবস্থিত। এটি পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত জাতীয় গবেষণা প্রতিষ্ঠান, যা ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয়।

৩৯. ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো?

উত্তর : ১১ মার্চ

ব্যাখ্যা : ১৯৪৮ থেকে ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে ১১ মার্চ পালন করা হতো।

৪০. বাংলাদেশের প্রধান জাহাজ নির্মাণ কারখানা কোথায় অবস্থিত?

উত্তর : খুলনা

ব্যাখ্যা : বাংলাদেশের প্রধান জাহাজ নির্মাণ কারখানা খুলনায় অবস্থিত (খুলনা শিপইয়ার্ড লিমিটেড)। এটি একটি রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান এবং মোংলা বন্দর থেকে প্রায় ৪৫ কিলোমিটার উত্তরে অবস্থিত।

৪১. বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা কে ছিলেন?

উত্তর : শশাঙ্ক

ব্যাখ্যা : বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা ছিলেন শশাঙ্ক, যিনি সপ্তম শতাব্দীতে গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন।

৪২. 'মাৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে?

উত্তর : ৭ম-৮ম শতক

ব্যাখ্যা : মাৎস্যন্যায় বলতে বাংলার সপ্তম থেকে অষ্টম শতাব্দী পর্যন্ত একটি বিশৃঙ্খল সময়কে বোঝায়, যা শশাঙ্কের মৃত্যুর পর (আনুমানিক ৬৫০ খ্রিস্টাব্দ) শুরু হয়ে পাল বংশের উত্থান (আনুমানিক ৭৫০ খ্রিস্টাব্দ) পর্যন্ত স্থায়ী হয়েছিল।

৪৩. মৌর্য বংশের রাজধানী কোথায় ছিল?

উত্তর : পাটলিপুত্র

ব্যাখ্যা : মৌর্য বংশের রাজধানী ছিল পাটলিপুত্র (আধুনিক পাটনা)। এটি ছিল ভারতীয় উপমহাদেশের প্রথম সাম্রাজ্যের রাজধানী।

৪৪. স্বাধীন বঙ্গরাজ্যের কোন শাসক 'মহারাজাধিরাজ' উপাধি গ্রহণ করেছিলেন?

উত্তর : ধর্মাদিত্য

ব্যাখ্যা : স্বাধীন বঙ্গরাজ্যের তিনজন শাসক গোপচন্দ্র, ধর্মাদিত্য এবং সমাচারদেব 'মহারাজাধিরাজ' উপাধি গ্রহণ করেছিলেন।

৪৫. বাংলার প্রাচীনতম জনপদ কোনটি?

উত্তর : পুণ্ড্র

ব্যাখ্যা : বাংলার প্রাচীনতম জনপদ হলো পুণ্ড্র। এটি মূলত বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর এবং দিনাজপুর জেলার অংশবিশেষ নিয়ে গঠিত ছিল।

৪৬. ভারতবর্ষের নেপোলিয়ান বলা হয় কোন রাজাকে? উত্তর : সমুদ্রগুপ্ত

ব্যাখ্যা : সমুদ্রগুপ্তকে "ভারতের নেপোলিয়ান" বলা হয়, কারণ তিনি তাঁর অসামান্য সামরিক অভিযান ও রাজ্য বিজয়ের জন্য বিখ্যাত।

৪৭. প্রাচীন শিলালিপিতে বঙ্গ জনপদের কোন দুটি অঞ্চলের নাম পাওয়া যায়?

উত্তর : 'বিক্রমপুর' ও 'নাব্য'

ব্যাখ্যা : প্রাচীন শিলালিপিতে বঙ্গ জনপদের দুটি অঞ্চলের নাম পাওয়া যায়—বিক্রমপুর এবং নাব্য। বিক্রমপুর আধুনিক বিক্রমপুর পরগনা ও তার আশেপাশের কিছু অংশ নিয়ে গঠিত ছিল, আর নাব্য ছিল বর্তমান ঢাকা, ফরিদপুর, বরিশাল ও পটুয়াখালী অঞ্চলের মতো নিচু জলাভূমি এলাকা।

৪৮. বরেন্দ্র অঞ্চলে সংঘটিত কৈবর্ত বিদ্রোহের নেতা কে ছিলেন?

উত্তর : দিব্যোক

ব্যাখ্যা : বরেন্দ্র অঞ্চলে কৈবর্ত বিদ্রোহের নেতা ছিলেন দিব্যোক বা দিব্য। তিনি কৈবর্ত সম্প্রদায়ের একজন প্রভাবশালী সামন্ত ছিলেন, যিনি পাল রাজা দ্বিতীয় মহীপালের বিরুদ্ধে এই বিদ্রোহের নেতৃত্ব দেন।

৪৯. 'হিউয়েন সাং' বাংলায় আগমন করেন কার শাসনামলে?

উত্তর : হর্ষবর্ধন

ব্যাখ্যা : হিউয়েন সাং রাজা হর্ষবর্ধনের শাসনামলে বাংলায় আগমন করেন। তিনি ৬৩০ খ্রিস্টাব্দে ভারতে আসেন এবং ৬৩৮ খ্রিস্টাব্দে বাংলায় পৌঁছান।

৫০. প্রাচীনকালে দক্ষিণ-পূর্ব বাংলার কোন রাজবংশের রাজাদের রাজধানীর নাম ছিল 'কর্মান্ত বাসক'?

উত্তর : খড়্গবংশ

ব্যাখ্যা : প্রাচীনকালে দক্ষিণ-পূর্ব বাংলার খড়্গ রাজবংশের রাজধানীর নাম ছিল 'কর্মান্ত বাসক'। এটি আধুনিক কুমিল্লার 'বড়কামতা' এলাকার প্রাচীন নাম।

৫১. 'কৌলিন্য প্রথা' প্রবর্তন করেছিলেন কে?

উত্তর : বল্লাল সেন

ব্যাখ্যা : কৌলিন্য প্রথা প্রবর্তন করেছিলেন সেন রাজবংশের রাজা বল্লাল সেন।

কৌলিন্য প্রথা প্রবর্তনের প্রধান কারণ ছিল সামাজিক মর্যাদা বৃদ্ধি

৫২. মুহাম্মদ বিন কাশিম কত সালে সিন্ধু জয় জয় করেন?

উত্তর : ৭১২ সালে

ব্যাখ্যা : মুহাম্মদ বিন কাশিম ৭১২ খ্রিস্টাব্দে সিন্ধু জয় করেন। রাজা দাহিরকে পরাজিত করে সিন্ধু অঞ্চলের ওপর প্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠার প্রচেষ্টা।

৫৩. কোন শাসকের সময়ে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালাহ' নামে পরিচিত হয়ে ওঠে?

উত্তর : শামসুদ্দিন ইলিয়াস শাহ

ব্যাখ্যা : শামসুদ্দিন ইলিয়াস শাহের শাসনামলে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালাহ' নামে পরিচিতি লাভ করে। তিনি সমগ্র বাংলাকে একত্রিত করে 'শাহ-ই-বাঙ্গালাহ' উপাধি গ্রহণ করেন।

৫৪. কোন বিদ্রোহের ফলে ভারতীয় উপমহাদেশে কোম্পানি শাসনের অবসান ঘটে?

উত্তর : সিপাহি বিদ্রোহ

ব্যাখ্যা : ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের ফলে ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে।

৫৫. বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন কে?

উত্তর : নবাব মুর্শিদকুলি খা

ব্যাখ্যা : নবাব মুর্শিদকুলি খান ১৭০৪ সালে বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন।

৫৬. ঢাকার লালবাগের দুর্গ নির্মাণ করেন কে?

উত্তর : শায়েস্তা খান

ব্যাখ্যা : ঢাকার লালবাগ দুর্গ নির্মাণ শুরু করেন সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ ১৬৭৮ সালে।

৫৭. 'কবুলিয়ত ও পাট্টা' প্রথার প্রবর্তক কে?

উত্তর : শেরশাহ

ব্যাখ্যা : কবুলিয়ত ও পাট্টা প্রথার প্রবর্তক হলেন শের শাহ সুরি। তিনি তার রাজস্ব সংস্কারের অংশ হিসেবে এই প্রথা চালু করেন

৫৮. বাংলায় চিরস্থায়ী ভূমি ব্যবস্থা কে প্রবর্তন করেন?

উত্তর : লর্ড কর্নওয়ালিস

ব্যাখ্যা : বাংলায় চিরস্থায়ী ভূমি ব্যবস্থা লর্ড কর্নওয়ালিস প্রবর্তন করেন ১৭৯৩ সালে।

৫৯. 'স্বত্ব বিলোপ নীতি'র প্রবর্তন করেন কে?

উত্তর : লর্ড ডালহৌসি

ব্যাখ্যা : 'স্বত্ব বিলোপ নীতি' প্রবর্তন করেন লর্ড ডালহৌসি। এই নীতি অনুযায়ী, যদি কোনো দেশীয় রাজা স্বাভাবিক উত্তরাধিকারী না রেখে মারা যেতেন, তবে তাঁর রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যের অধীনে চলে আসত।

৬০. 'বড় কাটরা' নির্মাণ করেন বাংলার কোন সুবেদার?

উত্তর : শাহসুজা

ব্যাখ্যা : শাহ সুজা 'বড় কাটরা' নির্মাণ করেন। তিনি মুঘল সম্রাট শাহজাহানের পুত্র এবং তৎকালীন বাংলার সুবেদার ছিলেন।

৬১. ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় কে ছিলেন?

উত্তর : লর্ড মাউন্টব্যাটেন

ব্যাখ্যা : ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় ছিলেন লর্ড মাউন্টব্যাটেন। তিনি ১৯৪৭ সালের মার্চ মাসে ভারতে আসেন এবং ১৫ই আগস্ট দেশ বিভাগের পর স্বাধীন ভারতের প্রথম গভর্নর-জেনারেল হন।

৬২. বাংলার হাবসী শাসন মাত্র কত বছর স্থায়ী ছিল? উত্তর : ৬ বছর

ব্যাখ্যা : বাংলার হাবসী শাসন মাত্র ছয় বছর স্থায়ী ছিল। এটি ১৪৮৭ সাল থেকে ১৪৯৩ বা ১৪৯৪ সাল পর্যন্ত চলেছিল।

৬৩. কোন মুঘল সম্রাট গৌড়ের নাম 'জান্নাতাবাদ' রাখেন?

উত্তর : সম্রাট হুমায়ুন

ব্যাখ্যা : মুঘল সম্রাট হুমায়ুন গৌড়ের নাম 'জান্নাতাবাদ' রাখেন। তিনি ১৫৩৮ খ্রিস্টাব্দে বাংলায় সৌন্দর্য ও জলবায়ুতে মুগ্ধ হয়ে এর নাম পরিবর্তন করেন।

৬৪. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড সংগঠিত হয় কত সালে?

উত্তর : ১৯১৯ সালে

ব্যাখ্যা : জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ১৯১৯ সালের ১৩ এপ্রিল সংঘটিত হয়েছিল। এই দিনে অমৃতসরের জালিয়ানওয়ালাবাগে ব্রিটিশ সৈন্যরা নিরস্ত্র বিক্ষোভকারীদের ওপর গুলি চালায়।

৬৫. কোন মোঘল সুবাদারের আমলে বাংলায় টাকায় আটমণ চাল পাওয়া যেত?

উত্তর : শায়েস্তা খান

ব্যাখ্যা : মুঘল সুবাদার শায়েস্তা খানের আমলে টাকায় আট মণ চাল পাওয়া যেত। তার শাসনামলে বাংলার অর্থনীতি খুব সমৃদ্ধ হয়েছিল, যার ফলে দ্রব্যমূল্য হ্রাস পায়।

৬৬. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'- গানটির সুরকার কে?

উত্তর : আলতাফ মাহমুদ

ব্যাখ্যা : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির বর্তমান সুরকার হলেন আলতাফ মাহমুদ। গানটি প্রথম সুর করেন আবদুল লতিফ, তবে পরবর্তীতে আলতাফ মাহমুদের করা সুরটিই অধিক জনপ্রিয়তা লাভ করে এবং ১৯৫৪ সালের প্রভাত ফেরীতে এই সুরে গানটি প্রথম গাওয়া হয়।

৬৭. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?

উত্তর : খাজা নাজিম উদ্দীন

ব্যাখ্যা : ভাষা আন্দোলনের সময় (১৯৫২ সালের ফেব্রুয়ারি) পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন খাজা নাজিমুদ্দিন। তিনি ১৯৫১ সালের অক্টোবর থেকে ১৯৫৩ সালের এপ্রিল পর্যন্ত এই পদে দায়িত্ব পালন করেন।

৬৮. বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কোন বাহিনীর সদস্য ছিলেন?

উত্তর : বাংলাদেশ নৌবাহিনী

ব্যাখ্যা : বীরশ্রেষ্ঠ মোহাম্মদ রুহুল আমিন ছিলেন বাংলাদেশ নৌবাহিনীর একজন ইঞ্জিন রুম আর্টিফিসার।

৬৯. ১৭৫৭ সালের কত তারিখে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়েছিল?

উত্তর : ২৩ জুন

ব্যাখ্যা : ১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর যুদ্ধ সংঘটিত হয়েছিল। এই যুদ্ধ নবাব সিরাজউদ্দৌলা এবং রবার্ট ক্লাইভের নেতৃত্বে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির মধ্যে হয়েছিল।

৭০. কত সালে সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়?

উত্তর : ৩১ জানুয়ারি ১৯৫২

ব্যাখ্যা : সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ১৯৫২ সালের ৩১ জানুয়ারিতে গঠিত হয়।

৭১. ১৯৪০ খ্রিষ্টাব্দের ২৩ মার্চে ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' উত্থাপন করেন কে?

উত্তর : একে ফজলুল হক

ব্যাখ্যা : ১৯৪০ সালের ২৩ মার্চ, পাকিস্তানের লাহোরে মুসলিম লীগ আয়োজিত সম্মেলনে তৎকালীন বাংলার মুখ্যমন্ত্রী শেরেবাংলা এ কে ফজলুল হক প্রস্তাবটি উত্থাপন করেন।

৭২. মুক্তিযুদ্ধের সময় ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কত নং সেক্টরে যুদ্ধ করেন?

উত্তর : ৭নং

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ৭নং সেক্টরে যুদ্ধ করেন। তিনি চাঁপাইনবাবগঞ্জ সীমান্ত এলাকায় মুক্তিবাহিনীর একজন অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেন।

৭৩. ১৯৪৭ সালে 'পাকিস্তান' এবং 'ভারত' নামে দুটি রাষ্ট্র প্রতিষ্ঠার সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী কে ছিলেন?

উত্তর : ক্লিমেন্ট অ্যাটলি

ব্যাখ্যা : ১৯৪৭ সালে যখন ভারত ও পাকিস্তান দুটি রাষ্ট্র হিসেবে বিভক্ত হয়, তখন ব্রিটিশ প্রধানমন্ত্রী ছিলেন ক্লিমেন্ট অ্যাটলি। তিনি ১৯৪৫ থেকে ১৯৫১ সাল পর্যন্ত যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

৭৪. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসংগীত? উত্তর : রাজশাহী

ব্যাখ্যা : গম্ভীরা বাংলাদেশের বৃহত্তর রাজশাহী অঞ্চলে, বিশেষ করে চাঁপাইনবাবগঞ্জ জেলায় প্রচলিত একটি জনপ্রিয় লোকনাট্য ও লোকগীতি।

৭৫. মুক্তিযুদ্ধের সময় ময়মনসিংহ কত নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিলো?

উত্তর : ১১নং

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় ময়মনসিংহ জেলাটি ১১ নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিল। এই সেক্টরটি কিশোরগঞ্জ জেলা ব্যতীত সমগ্র ময়মনসিংহ, টাঙ্গাইল এবং যমুনা নদীর তীরবর্তী কিছু অঞ্চল নিয়ে গঠিত ছিল।

৭৬. বাংলাদেশের কৃষিতে 'সিন্দুরী' কোন ফসলের উন্নত জাত? উত্তর : আলু

ব্যাখ্যা : বাংলাদেশের কৃষিতে 'সিন্দুরী' হলো একটি উন্নত জাতের আলু। এটি আলুর একটি জনপ্রিয় জাত যা দেশের কৃষিক্ষেত্রে ব্যবহৃত হয়।

৭৭. ১৯৪৭ সালের কত তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে 'তমদুন মজলিস' প্রতিষ্ঠা লাভ করে?

উত্তর : ২ সেপ্টেম্বর

ব্যাখ্যা : ১৯৪৭ সালের ১ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিভাগের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে 'তমদ্দুন মজলিস' প্রতিষ্ঠিত হয়। এটি ছিল বাংলাদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তান) একটি ইসলামি সাংস্কৃতিক সংগঠন, যা বাংলা ভাষা আন্দোলনের সূচনা করেছিল।

৭৮. ১৯৪৮ সালের গণপরিষদের অধিবেশনে ধীরেন্দ্রনাথ দত্ত উর্দু পাশাপাশি বাংলাকে গণপরিষদের ভাষা করার দাবি উত্থাপন করলে সেই অধিবেশনে বাংলার পক্ষে কয়টি ভোট পড়ে?

উত্তর : ১৫টি

ব্যাখ্যা : উর্দুর পক্ষে ভোট পড়ে ৫১টি এবং বাংলার পক্ষে ভোট পড়ে ১৫টি।

৭৯. 'The Blood Telegram' গ্রন্থটির লেখক কে?

উত্তর : গ্যারি জে ব্যাস

ব্যাখ্যা : 'দ্য ব্লাড টেলিগ্রাম' বইটির লেখক হলেন গ্যারি জে. ব্যাস। এটি ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালীন মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা নিয়ে লেখা একটি বই।

৮০. ইউরোপীয় বণিকদের মধ্যে কারা সর্বপ্রথম বাংলায় আগমন করে?

উত্তর : পর্তুগিজরা

ব্যাখ্যা : ইউরোপীয় বণিকদের মধ্যে পর্তুগিজরা সর্বপ্রথম বাংলায় আগমন করে। তারা ১৫১৬ সালে বাংলায় প্রথম আসে এবং ১৫১৭ সালে হুগলিতে তাদের প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে।

৮১. মুক্তিযুদ্ধে 'ক্র্যাক প্লাটুন' কত নং সেক্টরে গেরিলা যুদ্ধ পরিচালনা করত?

উত্তর : ২নং

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধে 'ক্র্যাক প্লাটুন' ২ নং সেক্টরের অধীনে ঢাকাতে গেরিলা যুদ্ধ পরিচালনা করত। এই দলটি গঠিত হয়েছিল মূলত ঢাকা শহরের অপারেশনগুলোর জন্য এবং এর প্রধান ভূমিকা পালন করেছিলেন মেজর খালেদ মোশাররফ ও মেজর এটিএম হায়দার।

৮২. মোহাম্মদ আলী জিন্নাহ ১৯৪৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন হলে ভাষণ প্রদানকালে 'Urdu and only urdu shall be the state language of Pakistan...' এ কথা বলেন?

উত্তর : কার্জন হল

ব্যাখ্যা : মোহাম্মদ আলী জিন্নাহ ১৯৪৮ সালের ২৪ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে একটি সমাবর্তন অনুষ্ঠানে এই উক্তিটি করেন। এই বক্তৃতার পরেই ছাত্ররা তাঁর ঘোষণার তীব্র প্রতিবাদ জানায়।

৮৩. বাংলাদেশের কৃষিতে 'রূপা' কোন ফসলের উন্নত জাত?

উত্তর : ফুলকপি

ব্যাখ্যা : বাংলাদেশের কৃষিতে 'রূপা' হলো একটি উচ্চ ফলনশীল ধানের উন্নত জাত। এটি আমন মৌসুমের জন্য উপযোগী এবং উচ্চ ফলনশীল হওয়ায় কৃষকদের কাছে বেশ জনপ্রিয়।

৮৪. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের মেনিফেস্টোতে কয়টি দফা ছিল?

উত্তর : ২১টি

ব্যাখ্যা : ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের ২১-দফা ইশতেহারটি ছিল একটি যুগান্তকারী নির্বাচনী ইশতেহার, যা রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনের প্রতিশ্রুতি দিয়েছিল।

৮৫. 'জারি' কোন অঞ্চলের গান?

উত্তর : ময়মনসিংহ

ব্যাখ্যা : জারি গান মূলত ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের লোকসঙ্গীত।

৮৬. বাংলাদেশের কৃষিতে 'মধুবালা' কোন ফসলের উন্নত জাত?

উত্তর : তরমুজ

ব্যাখ্যা : বাংলাদেশের কৃষিতে 'মধুবালা' হলো তরমুজের একটি উন্নত জাত, যা দেখতে হলুদ রঙের হয়।

৮৭. 'রিবন রেটিং' কি?

উত্তর : পাট পঁচানো পদ্ধতি

ব্যাখ্যা : রিবন রেটিং হলো পাটের আঁশ ছাড়ানোর একটি আধুনিক পদ্ধতি, যেখানে পাট গাছ কাটার পর ছাল বা বাকলকে ফিতার মতো করে ছাড়িয়ে অল্প পানিতে পচানো হয়।

৮৮. বাংলাদেশের ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

উত্তর : ঈশ্বরদী

ব্যাখ্যা : বাংলাদেশের ইক্ষু গবেষণা ইনস্টিটিউট বর্তমানে বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট পাবনা জেলার ঈশ্বরদীতে অবস্থিত।

৮৯. 'অপরাজেয় বাংলা' ভাস্কর্যের স্থপতি কে?

উত্তর : সৈয়দ আবদুল্লাহ খালিদ

ব্যাখ্যা : 'অপরাজেয় বাংলা' ভাস্কর্যের স্থপতি হলেন সৈয়দ আবদুল্লাহ খালিদ। তিনি একজন মুক্তিযোদ্ধা এবং বিখ্যাত ভাস্কর ও চিত্রশিল্পী ছিলেন।

৯০. বঙ্গভঙ্গর মূল পরিকল্পনাকারী কে ছিলেন?

উত্তর : অ্যাডু ফেজার

ব্যাখ্যা : বঙ্গভঙ্গর মূল পরিকল্পনাকারী ছিলেন তৎকালীন ব্রিটিশ ভারতের ভাইসরয় লর্ড কার্জন। তাঁর সুপারিশেই ১৯০৫ সালে বঙ্গভঙ্গ কার্যকর হয়।

৯১. জুম চাষ হয় কোন জেলায়?

উত্তর : খাগড়াছড়ি

ব্যাখ্যা : জুম চাষ প্রধানত বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে হয়ে থাকে। এই অঞ্চলে রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান—এই তিনটি জেলা রয়েছে, যেখানে জুম চাষ প্রচলিত।

৯২. বাংলাদেশ গম গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?

উত্তর : দিনাজপুর

ব্যাখ্যা : বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের প্রধান কার্যালয় দিনাজপুর জেলার নশিপুরে অবস্থিত।

৯৩. বাংলাদেশের প্রথম সৌরবিদ্যুৎ প্রকল্প চালু হয় কোন জেলায়?

উত্তর : নরসিংদী

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম সৌরবিদ্যুৎ প্রকল্প চালু হয় নরসিংদী জেলায়। এটি ছিল করিমপুর ও নজরপুরে স্থাপন করা একটি প্রকল্প।

৯৪. বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কোন জেলায় অবস্থিত?

উত্তর : ময়মনসিংহ

ব্যাখ্যা : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) ময়মনসিংহ জেলায় অবস্থিত। এটি ময়মনসিংহ শহর থেকে প্রায় ৩ কিলোমিটার দূরে অবস্থিত।

৯৫. 'সিরামিক শিল্পে' কোন খনিজ সম্পদ ব্যবহৃত হয়?

উত্তর : চীনামাটি

ব্যাখ্যা : সিরামিক শিল্পে প্রধান খনিজ সম্পদ হিসেবে চীনামাটি (কেওলিন) ব্যবহৃত হয়।

৯৬. বর্তমানে বাংলাদেশে কয়টি প্রাকৃতিক গ্যাসক্ষেত্র আছে?

উত্তর : ২৯টি

ব্যাখ্যা : বর্তমানে বাংলাদেশে ২৯টি প্রাকৃতিক গ্যাসক্ষেত্র রয়েছে। এর মধ্যে ২০টি থেকে বর্তমানে গ্যাস উত্তোলন করা হচ্ছে। সর্বশেষ আবিষ্কৃত গ্যাসক্ষেত্রটি হলো ভোলার ইলিশ-১।

৯৭. 'ফারাক্কাল লং মার্চ' কার নেতৃত্বে হয়?

উত্তর : মওলানা ভাসানী

ব্যাখ্যা : ফারাক্কাল লং মার্চ মওলানা আবদুল হামিদ খান ভাসানীর নেতৃত্বে হয়েছিল। তিনি ছিলেন মজলুম জননেতা এবং এই প্রতিবাদী পদযাত্রা ১৯৭৬ সালের ১৬ই মে বাংলাদেশের রাজশাহী থেকে ফারাক্কাল বাঁধ অভিমুখে অনুষ্ঠিত হয়।

৯৮. বাংলাদেশের কোন জেলা তুলা চাষের জন্য সবচেয়ে বেশি উপযোগী?

উত্তর : বিনাইদহ

ব্যাখ্যা : বাংলাদেশের তুলা চাষের জন্য বিনাইদহ জেলা সবচেয়ে বেশি উপযোগী, কারণ এখানে সবচেয়ে বেশি তুলা উৎপন্ন হয়।

৯৯. কোন জেলায় 'তেলিয়াপাড়া রণকৌশল'-এর পরিকল্পনা করা হয়?

উত্তর : হবিগঞ্জ

ব্যাখ্যা : 'তেলিয়াপাড়া রণকৌশল' হবিগঞ্জ জেলার তেলিয়াপাড়া চা বাগানে পরিকল্পনা করা হয়েছিল। এই বৈঠকটি ১৯৭১ সালের ৪ এপ্রিল অনুষ্ঠিত হয়, যেখানে মুক্তিযুদ্ধের রণকৌশল নির্ধারণ করা হয়েছিল এবং দেশকে ১১টি সেক্টরে ভাগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

১০০. বৈদেশিক বাণিজ্য ঘাটতির অধিকাংশ কীভাবে পূরণ হয়?

উত্তর : রেমিট্যান্স থেকে

ব্যাখ্যা : বৈদেশিক বাণিজ্য ঘাটতি সাধারণত রিজার্ভের উপর চাপ সৃষ্টি করে, যা বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে পূরণ করা হয়। তবে, বাণিজ্য ঘাটতি কমাতে বা পূরণ করতে অন্যান্য উপায়ও আছে, যেমন: রপ্তানি আয় বৃদ্ধি, আমদানি নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রার প্রবাহ বাড়ানো।